রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ২২, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ই ডিসেম্বর ১৯৯৮/১লা পৌষ ১৪০৫

এস, আর, ও নং ২৯০-আইন/৯৮—যেহেতু সরকার জামালপুর জেলার মেলান্দহ থানার নিম্ন তফসিলে উল্লিখিত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণা করার প্রস্তাব করিয়াছেন;

এবং যেহেতু সরকার Declaration and Alteration of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর অধীন প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণার ব্যাপারে পরামর্শ বা আপত্তি আহবান করিয়া পাবলিক নোটিশ জারী করার জন্য সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল এবং তদনুযায়ী ডেপুটি কমিশনার উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া প্রতিবেদন দাখিল করিয়াছেন;

এবং যেহেতু প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণার ব্যাপারে ডেপুটি কমিশনারের প্রতিবেদন বিবেচনা করিয়া সরকার উক্ত Rules এর rule 4 (2) এর অধীন উল্লিখিত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;



মূল্যঃ টাকা ১.০০

অতএব, যেহেতু উক্ত Rules এর rule 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা নিম্ন তফসিলভুক্ত শহর এলাকাসমূহ সমন্বয়ে আগামী ৩রা পৌষ, ১৪০৫ বাং মোতাবেক ১৭ই ডিসেম্বর, ১৯৯৮ ইং তারিখ হইতে মেলান্দহ মিউনিসিপ্যালিটি গঠনের ঘোষণা করিল।

তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে.এল. নং | দাগ নং |
|---|---|---|---|---|
| (১) | বাংলা | গোবিন্দপুর (২য় খণ্ড) | ৪৮/২ | ০১—১০৩৫। |
| | ঐ | প্রাচুর পাড়া | ৪০ | ০১—২৪৮। |
| | ঐ | কামদেববাড়ী | ৩৯ | ০১—৩৭। |
| | ঐ | বাসুদেবপুর (আংশিক) | ৫১/১ | ৯৮—১০৩, ১১৩—২৬৩, ৭৫০, ১১১১। |
| (২) | নয়ানগর | আদিটৈপত | ৪৯ | ০১—২৯৫। |
| | ঐ | চাকদহ | ৪১ | ০১—২৬৩। |
| | ঐ | সর্দারবাড়ী | ৪২ | ০১—১৯৫। |
| | ঐ | দিঘলবাড়ী | ৪৪ | ০১—১২০। |
| | ঐ | শাহজাতপুর | ৪৫ | ০১—৬৫৩। |
| | ঐ | ফুলছেন্যা | ৪৬ | ০১—২২৯। |
| | ঐ | নয়ানগর | ৪৩ | ০১—৭৩১। |
| | ঐ | জালালপুর (আংশিক) | ৬৮ | ২২—১১৬, ২৩৭—২৪০, ২৪২—২৪৮, ৫৩১—৫৩৪, ৫৪৭। |
| (৩) | আদ্রা | মেলান্দহ (আংশিক) | ৫২/১ | ০১—২৭৭, ৩২৩, ৩২৯—৪৮০, ৮৬৪, ৮৫৯, ৮৫৮, ৮৬৫, ৮৬৭, ৮৬২, ৮৬৯—৮৭০, ৮৭৯, ৮৮৯, ৮৯০, ৮৮৪—৮৮৬, ৮৮২, ৯০০, ৮৯৭, ৮৭৩, ৮৬০, ৮৭২, ৮৭১। |
| | ঐ | বাঘাডোবা (আংশিক) | ৫৩ | ০১—৫৭ (আংশিক), ৬৬, ১৭৪২, ১৭৯০, ১৮০৬, ৯৭—১৫৮, ১৬১, ১৭২—১৯৮, ১৭৪১, ১৭৮৯, ১৯৯—২০১, ২৩৮—২৫০, ৫১২—৫১৫, ৫২৭, ৬৮৩—৬৮৭, ১৭৬৮, ১৭৬৯, ১৭৯৫। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুস সাত্তার মিঞা

উপ-সচিব (পৌর)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।